



স্মারক নং- ০৫.৩০.৬৮৬০.০০০.০৩.০০৭.২৩-১০৯২

তারিখ: ০৯ কার্তিক ১৪৩০
২৫ অক্টোবর ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

নরসিংদী সদর উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহে গ্রামপুলিশ (দফাদার ও মহল্লাদার) এর শূন্য পদের বিপরীতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রামপুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৩(১) অনুযায়ী নিম্নোক্ত ভাবে গ্রামপুলিশ (মহল্লাদার) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো:


ক্র. নং	ইউনিয়নের নাম	শূন্য পদের ওয়ার্ড নং	পদের নাম	শূন্য পদ সংখ্যা	বেতন/ভাতা	প্রয়োজনীয় যোগ্যতা	নিয়োগ পদ্ধতি
০১.	শিলমান্দী	০৭	মহল্লাদার	০১	সরকার কর্তৃক নির্ধারিত বেতন (সরকারী অংশ ৩,২৫০+ইউপি অংশ ৩,২৫০)=৬,৫০০/- সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত ভাতাদি প্রাপ্য হইবেন।	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	সরাসরি নিয়োগের মাধ্যমে
০২.	আমদিয়া	০৪, ০৫	মহল্লাদার	০২	ঐ	ঐ	ঐ
০৩.	মহিষাশুড়া	০৭	মহল্লাদার	০১	ঐ	ঐ	ঐ
০৪.	করিমপুর	০২, ০৬, ০৮, ০৯	মহল্লাদার	০৪	ঐ	ঐ	ঐ
০৫.	আলোকবালী	০৮	মহল্লাদার	০১	ঐ	ঐ	ঐ
০৬.	চরদিঘলদী	০২, ০৩	মহল্লাদার	০২	ঐ	ঐ	ঐ

নিয়োগের শর্তাবলীঃ-

- প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে পাশ্চাতী ওয়ার্ড থেকে যোগ্যতার ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে।
- আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (বাংলায় ও ইংরেজীতে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (১২.১১.২০২৩ খ্রি. তারিখে) (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শারীরিক যোগ্যতার পরিমাপ (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) (ড) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখসহ প্রার্থীকে আবেদনপত্র দাখিল করতে হবে।
- মহল্লাদার পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতাঃ
পুরুষ প্রার্থীর ক্ষেত্রে-
(অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি; (আ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ); (ই) সর্বনিম্ন ওজন ৫০ কেজি।
মহিলা প্রার্থীর ক্ষেত্রে-
(অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট; (আ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); (ই) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।
- আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :
(ক) প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রজিন ছবি (খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র (গ) জাতীয় পরিচয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি (ঘ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি (ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্রের মূল কপি (চ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি।
- আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংকের যেকোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদী এর অনুকূলে মহল্লাদার প্রার্থীকে ২০০/- (দুইশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর বয়স ১২.১১.২০২৩ খ্রি. তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য এর ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- সরকারী বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে। কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদী এর বরাবরে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র আগামী ১২.১১.২০২৩ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি অথবা ডাকযোগে পৌছাতে হবে। খার্ব তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- টাকার ডাক টিকেটসংযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরৎ খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর মোটা অক্ষরে ইউনিয়ন পরিষদের নাম, পদের নাম, কোটার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

(Handwritten signature)

- ১০। প্রার্থীকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
১১। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।
১২। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসামাত্র কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করা হবে।



২৫-১০-১৬

আসমা সুলতানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার
নরসিংদী সদর, নরসিংদী

ও

সভাপতি

গ্রামপুলিশ নিয়োগ/পদোন্নতি ও বাছাই কমিটি

ফোনঃ ৯৪৬২৪৬৭

E-mail: unonarsingdi@mopa.gov.bd

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। জেলা প্রশাসক, নরসিংদী।
০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী।
০৪। অফিসার ইন-চার্জ, নরসিংদী মডেল থানা/মাধবদী থানা, নরসিংদী।
০৫। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ (সকল), নরসিংদী সদর, নরসিংদী। তাকে বিজ্ঞপ্তি তার ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন তথ্য বাতায়নে এবং হাট-বাজারে লটকানোসহ বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। জনাব..... নরসিংদী সদর, নরসিংদী।
০৭। নোটিশ বোর্ড।